Q.63 প্রদত্ত চারটি বিকল্পের মধ্যে তিনটি, ইংরাজি বর্ণানুক্রম ভিত্তিক নির্দিষ্ট পদ্ধতি অনুসারে অনুরূপ এবং এইভাবে একটি দল গঠন করে। কোন বিকল্পটি সেই দলের অন্তর্গত নয়?
[দ্রষ্টব্য: বর্ণ-গুচ্ছে উপস্থিত ব্যঞ্জনবর্ণ (consonant)/ স্বরবর্ণের (vowel) সংখ্যা কিংবা তাদের অবস্থানের উপর ভিত্তি করে ব্যতিক্রমী বিকল্পটিকে নির্ধারণ করা যাবে না।]

Ans
- ✗ A. GS - KW
- ✓ B. MQ - RU
- ✗ C. IJ - MN
- ✗ D. ZK - DO

Q.64 148 m এবং 156 m দৈর্ঘ্য বিশিষ্ট দুটি ট্রেন একে অপরের দিকে চলছে এবং তাদের গতিবেগ যথাক্রমে 17.5 m/s এবং 20.5 m/s হয়। একে অপরকে অতিক্রম করতে ট্রেন দুটির কত সময় (সেকেন্ডে) লাগবে?

Ans
- ✓ A. 8 seconds
- ✗ B. 9 seconds
- ✗ C. 10 seconds
- ✗ D. 7 seconds

Black book

Q.65 নিচের কোন উদ্ভিদ কলাটি ছিদ্রযুক্ত প্রাচীর দ্বারা প্রান্ত-সংলগ্নভাবে বিন্যস্ত দীর্ঘ ও সজীব কোশ দিয়ে গঠিত?

Ans
- ✔ A. সিভ নল
- ✘ B. ফ্লোয়েম তন্তু
- ✘ C. বাহিকা
- ✘ D. ট্র্যাকিড

Q.66 প্রদত্ত দু'টি সেটের প্রতিটিতে, প্রথম সংখ্যার উপর নির্দিষ্ট গাণিতিক কার্যক্রম(সমূহ) সম্পাদন করলে দ্বিতীয় সংখ্যাটি পাওয়া যায়। একইভাবে, দ্বিতীয় সংখ্যার উপর নির্দিষ্ট গাণিতিক কার্যক্রম(সমূহ) সম্পাদন করলে তৃতীয় সংখ্যাটি পাওয়া যায় এবং এইভাবে সেটের বাকি সংখ্যাগুলিও পাওয়া যায়। প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোনটি প্রদত্ত সেটগুলির মতো অনুরূপ গাণিতিক কার্যক্রম(সমূহ) অনুসরণ করে?
(দ্রষ্টব্য: গাণিতিক কার্যক্রম(সমূহ) সম্পাদন করার জন্য, দুই বা তিন অঙ্ক বিশিষ্ট কোনো সংখ্যাকে তার উপাদান অঙ্কসমূহে বিভাজিত করা যাবে না। অর্থাৎ, যদি 37 এর পরে 10 থাকে, তাহলে 37 এর ক্ষেত্রে 3 + 7 গাণিতিক কার্যক্রমটি সম্পাদন করা যাবে না, কারণ দুই অঙ্ক বিশিষ্ট কোনো সংখ্যাকে তার উপাদান অঙ্কসমূহে বিভাজিত করা অনুমোদিত নয়।)
14 – 25 – 75 – 90 ; 12 – 23 – 69 – 84

Ans
- ✔ A. 8 – 19 – 57 – 72
- ✘ B. 10 – 21 – 63 – 76
- ✘ C. 4 – 15 – 45 – 70
- ✘ D. 6 – 17 – 68 – 83

Q.67 C, F, J, R, N, U এবং H এর প্রত্যেকে একটি সপ্তাহের পৃথক পৃথক দিনে পরীক্ষা দেয়, যা সপ্তাহটির সোমবার থেকে শুরু হয়ে একই সপ্তাহের রবিবার পর্যন্ত চলে। N বৃহস্পতিবার পরীক্ষা দেয়। কেবল পাঁচজন পরীক্ষা দেয় C এর আগে। F পরীক্ষা দেয় R এর ঠিক পরে, কিন্তু বুধবার পরীক্ষা দেয় না। H পরীক্ষা দেয় U এর পরে কিন্তু J এর আগে। কতজন ব্যক্তি পরীক্ষা দেয় U এবং J এর মাঝে?

Ans
- ✘ A. চার
- ✘ B. এক
- ✘ C. দুই
- ✔ D. তিন

Q.68 311 একটি নির্দিষ্ট পদ্ধতিতে 330 এর সঙ্গে সম্পর্কিত। অনুরূপ পদ্ধতি অনুসারে 426 সম্পর্কিত 445 এর সঙ্গে। অনুরূপ পদ্ধতি অনুসরণ করে 115 নিচের কোন বিকল্পটির সঙ্গে সম্পর্কিত?
(দ্রষ্টব্য: সংখ্যাগুলিকে তাদের উপাদান অঙ্কে বিভাজিত না করে অখণ্ড সংখ্যার উপরেই সকল কার্যক্রম সম্পাদন করতে হবে। যেমন 13 এর ক্ষেত্রে, 13 এর উপরেই যাবতীয় কার্যক্রম সম্পাদন করতে হবে। অর্থাৎ, 13 এর সঙ্গেই যোগ/বিয়োগ/গুণ ইত্যাদি করতে হবে কিন্তু 13 কে তার উপাদান অঙ্ক 1 এবং 3 এ বিভাজিত করে তারপর 1 এবং 3 এর উপর কোনোপ্রকার গাণিতিক কার্যক্রম সম্পাদন করা যাবে না।)

Ans
- ✘ A. 167
- ✔ B. 134
- ✘ C. 156
- ✘ D. 145

Q.69 একটি আয়তঘনকাকার কাঠের বাক্সের অভ্যন্তরীণ পরিমাপ 19.8 cm × 13.2 cm × 8.8 cm হয়। বাক্সটিকে 2.2 cm বাহুবিশিষ্ট ছোট ছোট ঘনকাকৃতি ব্লক দিয়ে সম্পূর্ণ ভর্তি করা আছে। বাক্সটি সম্পূর্ণ ভর্তি করতে মোট কতগুলি ঘনকের প্রয়োজন হবে তা নির্ণয় করুন।

Ans
- ✔ A. 216
- ✘ B. 200
- ✘ C. 256
- ✘ D. 232

Q.70 7 জন শ্রমিকের সাপ্তাহিক মজুরি (₹ তে) হল:
₹1200, ₹1300, ₹1100, ₹1400, ₹1250, ₹1350, ₹1150
মজুরিগুলির মধ্যমা নির্ণয় করুন।

Ans
- ✗ A. ₹1200
- ✗ B. ₹1350
- ✗ C. ₹1300
- ✓ D. ₹1250

Q.71 একজোড়া জুতার মুদ্রিতমূল্য ₹2000 হয়। সেলের সময় একজন দোকানদার 30% ছাড় দেন। তাহলে, ছাড়ের পরিমাণ কত?

Ans
- ✗ A. ₹700
- ✗ B. ₹800
- ✓ C. ₹600
- ✗ D. ₹500

Q.72 নিচের কোন বিবৃতিটি একটি সমসত্ত্ব মিশ্রণকে সবচেয়ে ভালভাবে বর্ণনা করে?

Ans
- ✗ A. এতে খালি চোখে দেখা যায় এমন পদার্থ থাকে
- ✓ B. সমগ্র দ্রবণটিকে দেখতে একইরকম হয় ও সংযুক্তি সর্বত্র সমান থাকে
- ✗ C. এটি এমন স্তর তৈরি করে যা সহজেই দেখা যায়
- ✗ D. বিভিন্ন স্থানে এর বিভিন্ন বৈশিষ্ট্য ও চেহারা দেখা যায়

Q.73 অবাত শ্বসনের সময় কোষের কোথায় গ্লুকোজের ভাঙ্গন ঘটে?

Ans
- ✓ A. সাইটোপ্লাজমের মধ্যে, যেখানে কোষীয় বিক্রিয়াগুলো সংঘটিত হয়
- ✗ B. মাইটোকন্ড্রিয়ায়, যা কোষের শক্তিঘর হিসেবে পরিচিত
- ✗ C. ক্লোরোপ্লাস্টে, যা সালোকসংশ্লেষের মাধ্যমে খাদ্য তৈরির জন্য দায়ী
- ✗ D. নিউক্লিয়াসের ভেতরে, যা কোষের সমস্ত কার্যকলাপ নিয়ন্ত্রণ করে

Q.74 প্রশ্নটি নিচে প্রদত্ত শব্দগুলির ভিত্তিতে তৈরি।
DIN GOD LAY DUB
প্রতিটি শব্দে, প্রতিটি স্বরবর্ণকে (vowel) ইংরেজি বর্ণমালার ক্রম অনুযায়ী তার ঠিক আগের দ্বিতীয় বর্ণ দিয়ে এবং প্রতিটি ব্যঞ্জনবর্ণকে (consonant) ইংরেজি বর্ণমালার ক্রম অনুযায়ী তার ঠিক পরের বর্ণ দিয়ে প্রতিস্থাপন করা হল। এভাবে গঠিত বর্ণ-গুচ্ছগুলোর মধ্যে কয়টিতে কোনো স্বরবর্ণ থাকবে না?

Ans
- ✗ A. চার
- ✓ B. এক
- ✗ C. তিন
- ✗ D. দুই

Q.75 প্রদত্ত ক্রমের প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কী বসবে?
514 393 293 212 148 ?

Ans
- ✓ A. 99
- ✗ B. 116
- ✗ C. 92
- ✗ D. 106

"

रेलवे भर्ती बोर्ड | RAILWAY RECRUITMENT BOARD
सीईएन ०१/२०२६ सहायक लोको पायलट (एएलपी) के पद पर भर्ती
CEN 01/2026 Recruitment of Assistant Loco Pilot (ALP)

Test Date	04/11/2026
Test Time	12:30 PM - 1:30 PM
Subject	RRB ALP 2026 CBT 1

*** Note**
Correct Answer will carry 1 mark per Question.
Incorrect Answer will carry 1/3 Negative mark per Question.

1. Options shown in green color with a tick icon are correct.
2. Chosen option on the right of the question indicates the option selected by the candidate.

Section : **RRB ALP**

Q.1 নেফ্রনে যদি পছন্দযুক্ত পুনঃশোষণ (selective re-absorption) প্রক্রিয়াটি বন্ধ হয়ে যায়, তবে নিচের কোনটি ঘটার সম্ভাবনা সবচেয়ে বেশি?

Ans
✗ A. পরিস্রাবণ প্রক্রিয়া সম্পূর্ণ বন্ধ হয়ে যাবে
✓ B. প্রয়োজনীয় পুষ্টি উপাদান মূত্রের মাধ্যমে বেরিয়ে যাবে
✗ C. দেহে অধিক পরিমাণে বর্জ্য পদার্থ জমা হবে
✗ D. মূত্র কঠিন পদার্থে পরিণত হবে

Q.2 একজন দোকানদার ₹168 প্রতি ডজন দরে 78 ডজন পণ্য ক্রয় করেন। তিনি প্রতিটি পণ্য ₹35 দরে বিক্রি করলে, তার লাভের হার শতকরা কত?

Ans
✓ A. 150%
✗ B. 140%
✗ C. 160%
✗ D. 130%

Q.3 N, Q, V, C, T, G এবং K এর প্রত্যেকে একটি সপ্তাহের পৃথক পৃথক দিনে পরীক্ষা দেয়, যা সপ্তাহটির সোমবার থেকে শুরু হয়ে একই সপ্তাহের রবিবার পর্যন্ত চলে। বৃহস্পতিবার G পরীক্ষা দেয়। কেবল পাঁচজন পরীক্ষা দেয় V এর পরে। কেবল একজন পরীক্ষা দেয় K এবং G এর মাঝে। Q পরীক্ষা দেয় G এর আগে কিন্তু C এর পরে। T শুক্রবার পরীক্ষা দেয়নি। K এর ঠিক আগে কে পরীক্ষা দেয়?

Ans
✗ A. T
✗ B. C
✓ C. N
✗ D. G

Q.4 একটি চলচ্চিত্র দর্শকদের দু'টি দলের কাছ থেকে রেটিং পেয়েছে। চল্লিশজন দর্শক গড়ে 8 পয়েন্ট এবং ষাটজন দর্শক গড়ে 7 পয়েন্ট দিয়েছেন। সামগ্রিক গড় রেটিং কত ছিল?

Ans
✗ A. 7.2
✗ B. 7.6
✓ C. 7.4
✗ D. 7.5

Q.5 প্রশ্নটি নিচে প্রদত্ত শব্দগুলির ভিত্তিতে তৈরি।
DEN GOD WAR BOA
প্রতিটি শব্দে, প্রতিটি স্বরবর্ণকে ইংরেজি বর্ণমালার ক্রম অনুযায়ী তার ঠিক পরের বর্ণটি দিয়ে এবং প্রতিটি ব্যঞ্জনবর্ণকে ইংরেজি বর্ণমালার ক্রম অনুযায়ী তার ঠিক আগের বর্ণটি দিয়ে প্রতিস্থাপন করা হল। এভাবে গঠিত বর্ণগুচ্ছগুলোর মধ্যে কতটিতে কোনো স্বরবর্ণ থাকবে না?

Ans
- ✔ A. তিন
- ✘ B. চার
- ✘ C. দুই
- ✘ D. এক

Q.6 প্রদত্ত দু'টি সেটের প্রতিটিতে, প্রথম সংখ্যার উপর নির্দিষ্ট গাণিতিক কার্যক্রম(সমূহ) সম্পাদন করলে দ্বিতীয় সংখ্যাটি পাওয়া যায়। একইভাবে, দ্বিতীয় সংখ্যার উপর নির্দিষ্ট গাণিতিক কার্যক্রম(সমূহ) সম্পাদন করলে তৃতীয় সংখ্যাটি পাওয়া যায় এবং এইভাবে সেটের বাকি সংখ্যাগুলিও পাওয়া যায়। প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোনটি প্রদত্ত সেটগুলির মতো অনুরূপ গাণিতিক কার্যক্রম(সমূহ) অনুসরণ করে?
(দ্রষ্টব্য: গাণিতিক কার্যক্রম(সমূহ) সম্পাদন করার জন্য, দুই বা তিন অঙ্ক বিশিষ্ট কোনো সংখ্যাকে তার উপাদান অঙ্কসমূহে বিভাজিত করা যাবে না। অর্থাৎ, যদি 37 এর পরে 10 থাকে, তাহলে 37 এর ক্ষেত্রে 3 + 7 গাণিতিক কার্যক্রমটি সম্পাদন করা যাবে না, কারণ দুই অঙ্ক বিশিষ্ট কোনো সংখ্যাকে তার উপাদান অঙ্কসমূহে বিভাজিত করা অনুমোদিত নয়।)
3 – 12 – 24 – 36 ; 5 – 20 – 40 – 52

Ans
- ✘ A. 6 – 30 – 60 – 72
- ✘ B. 7 – 28 – 54 – 66
- ✘ C. 8 – 32 – 64 – 74
- ✔ D. 4 – 16 – 32 – 44

Q.7 একটি পরীক্ষার সময় একজন শিক্ষার্থী, ভুলবশত লিভারের ভারবাহুকে (load arm) সেই অংশ হিসেবে চিহ্নিত করে যেখানে সর্বদা বল প্রযুক্ত হয়। কোন ধারণাটির মাধ্যমে এই ভুল ধারণাটিকে সংশোধন করা যায়?

Ans
- ✔ A. যেখানে বল প্রযুক্ত হয় সেটি হল বলবাহু
- ✘ B. ভূমি হল বলের অভিমুখ
- ✘ C. ভারবাহু আলম্বকে সহায়তা প্রদান করে
- ✘ D. আলম্ব হল বল প্রয়োগের বিন্দু

Q.8 বিনোদ A বিন্দু থেকে যাত্রা শুরু করে পূর্বদিকে 7 km গাড়ি চালায়। এরপর সে বামদিকে বাঁক নিয়ে 9 km গাড়ি চালায়। তারপর সে আবার বামদিকে বাঁক নেয় এবং 3 km গাড়ি চালায়। এরপর সে আবার বামদিকে বাঁক নিয়ে 15 km গাড়ি চালায়। এরপর সে আবার বামদিকে বাঁক নেয় এবং 5 km গাড়ি চালায়। এরপর সে ডানদিকে বাঁক নিয়ে 4 km গাড়ি চালায়। সবশেষে সে ডানদিকে বাঁক নিয়ে 9 km গাড়ি চালায় এবং P বিন্দুতে থামে। আবার A বিন্দুতে পৌঁছানোর জন্য তাকে কত দূর (সর্বনিম্ন দূরত্ব) এবং কোন দিকে গাড়ি চালাতে হবে? (নির্দিষ্টভাবে উল্লেখ করা না থাকলে, সকল বাঁক 90° ধরতে হবে।)

Ans
- ✘ A. 9 km উত্তর
- ✘ B. 12 km উত্তর
- ✘ C. 11 km উত্তর
- ✔ D. 10 km উত্তর

Q.9 রোশন A বিন্দু থেকে B বিন্দু পর্যন্ত 25 km/h গতিবেগে দৌড়ান এবং B বিন্দু থেকে A বিন্দুতে 31 km/h গতিবেগে ফিরে আসেন। সম্পূর্ণ যাত্রার গড় গতিবেগ (দুই দশমিক স্থান পর্যন্ত আসন্নমানে) কত?

Ans
- ✘ A. 27.49 km/h
- ✘ B. 27.32 km/h
- ✘ C. 27.84 km/h
- ✔ D. 27.68 km/h

Blackbook

Q.10 যদি 'A' এর অর্থ '÷' হয়, 'B' এর অর্থ '×' হয়, 'C' এর অর্থ '+' হয় এবং 'D' এর অর্থ '−' হয়, তাহলে নিচের সমীকরণে প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কী বসবে?
29 D 28 A 11 B 44 C 41 = ?

Ans
- ✔ A. −42
- ✘ B. −44
- ✘ C. −41
- ✘ D. −40

Q.11 মান নির্ণয় করুন।

$$\frac{\sin^2\theta - 2\sin^4\theta}{2\cos^3\theta - \cos\theta}$$

Ans
- ✘ A. tanθsecθ
- ✔ B. tanθsinθ
- ✘ C. cosθcotθ
- ✘ D. cotθsinθ

Q.12 50 cm ব্যাসবিশিষ্ট একটি বৃত্তে 14 cm দৈর্ঘ্যের দু'টি সমান এবং সমান্তরাল জ্যা রয়েছে। জ্যা দু'টির মধ্যবর্তী দূরত্ব y cm হলে, y এর মান কত?

Ans
- ✔ A. 48
- ✘ B. 28
- ✘ C. 36
- ✘ D. 24

Q.13 21 একটি নির্দিষ্ট পদ্ধতিতে 147 এর সঙ্গে সম্পর্কিত। অনুরূপ পদ্ধতি অনুসারে 25 সম্পর্কিত 175 এর সঙ্গে। অনুরূপ পদ্ধতি অনুসরণ করে 33 নিচের কোন বিকল্পটির সঙ্গে সম্পর্কিত? (দ্রষ্টব্য: সংখ্যাগুলিকে তাদের উপাদান অঙ্কে বিভাজিত না করে অখণ্ড সংখ্যার উপরেই সকল কার্যক্রম সম্পাদন করতে হবে। যেমন 13 এর ক্ষেত্রে, 13 এর উপরেই যাবতীয় কার্যক্রম সম্পাদন করতে হবে। অর্থাৎ, 13 এর সঙ্গেই যোগ/বিয়োগ/গুণ ইত্যাদি করতে হবে কিন্তু 13 কে তার উপাদান অঙ্ক 1 এবং 3 এ বিভাজিত করে তারপর 1 এবং 3 এর উপর কোনোপ্রকার গাণিতিক কার্যক্রম সম্পাদন করা যাবে না।)

Ans
- ✘ A. 251
- ✘ B. 241
- ✘ C. 221
- ✔ D. 231

Q.14 একটি কল 8 ঘন্টায় একটি ট্যাঙ্ক ভর্তি করে, যেখানে অন্য একটি কল 16 ঘন্টায় ভর্তি ট্যাঙ্কটিকে খালি করে। যদি ট্যাঙ্কটি প্রথমে খালি থাকে এবং উভয় কল একসাথে চালু করা হয়, তাহলে ট্যাঙ্কটির অর্ধেক অংশ ভর্তি করতে কত ঘন্টা লাগবে?

Ans
- ✘ A. 16
- ✘ B. 12
- ✘ C. 24
- ✔ D. 8

Q.15 20 cm ব্যাসার্ধ এবং 7 m উচ্চতা বিশিষ্ট একটি কাঠের চোঙের বক্রতল ₹165 প্রতি m^2 দরে পালিশ করতে মোট খরচ (₹ তে) কত হবে?

Ans
- ✘ A. 2,145
- ✔ B. 1,452
- ✘ C. 1,245
- ✘ D. 1,524

Blackbook

Q.16 প্রদত্ত ক্রমের প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কী বসবে?
162 153 143 134 124 115 ?

Ans

✗ A. 108

✗ B. 103

✓ C. 105

✗ D. 112

Q.17 নিচের কোন বিবৃতিটি একটি মৌলের যোজ্যতাকে সবচেয়ে ভালোভাবে বর্ণনা করে?

Ans

✗ A. এটি হল একটি পরমাণুর নিউক্লিয়াসে থাকা প্রোটনের মোট সংখ্যা

✗ B. এটি হল নিউক্লিয়াসে থাকা নিউক্লিয়নগুলোর মোট সংখ্যা

✓ C. এটি হল ইলেকট্রন বর্জন, গ্রহণ বা আদান-প্রদানের ওপর ভিত্তি করে সংযুক্ত হওয়ার ক্ষমতা

✗ D. এটি হল একটি পরমাণুর নিউট্রন ও প্রোটন সংখ্যার পার্থক্য

Q.18 নিচে একটি প্রশ্ন এবং তারপরে (I) ও (II) সংখ্যাযুক্ত দু'টি বিবৃতি দেওয়া হয়েছে। আপনাকে নির্ধারণ করতে হবে যে প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য বিবৃতিতে প্রদত্ত তথ্যসমূহ যথেষ্ট কিনা। বিবৃতিগুলি অধ্যয়ন করে সবচেয়ে উপযুক্ত উত্তরটি চয়ন করুন।
A, W, V, G এবং E এই 5টি স্তম্ভের মধ্যে, প্রতিটি ভিন্ন উচ্চতা বিশিষ্ট, কোন স্তম্ভটি সবচেয়ে খাটো?
(I) G শুধুমাত্র একটি স্তম্ভের চেয়ে লম্বা। A হয় W এর চেয়ে লম্বা।
(II) G হয় E এর থেকে লম্বা।

Ans

✓ A. বিবৃতি I এবং II তে প্রদত্ত তথ্য যৌথভাবে প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট (বিবৃতি I বা II এককভাবে যথেষ্ট নয়)।

✗ B. বিবৃতি I এবং II উভয় বিবৃতিতে প্রদত্ত তথ্য যৌথভাবে প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট নয়।

✗ C. বিবৃতি II তে প্রদত্ত তথ্য এককভাবে প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট, কিন্তু বিবৃতি I যথেষ্ট নয়।

✗ D. বিবৃতি I এ প্রদত্ত তথ্য এককভাবে প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট, কিন্তু বিবৃতি II যথেষ্ট নয়।

Q.19 স্থিরাবস্থা থেকে একটি গাড়ির একটি নির্দিষ্ট হারে ত্বরণ ঘটে এবং 5 সেকেন্ড পরে গাড়িটির বেগ 20 m/s হয়। গতির লেখচিত্রের সাহায্যে ওই 5 সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব নির্ণয় করতে আপনি কোন সমীকরণটি ব্যবহার করবেন এবং এর ফলাফল কী হবে?

Ans

✗ A. $F = ma$, তাই দূরত্ব = 100 m

✗ B. $p = mv$, তাই দূরত্ব = 25 m

✗ C. $v = u + at$, তাই দূরত্ব = 20 m

✓ D. $s = ut + 1/2\ at^2$, তাই দূরত্ব = 50 m

Q.20 Ai, Bf, Cx, Dj, Ey, Fu এবং Gt কেন্দ্রের দিকে মুখ করে একটি বৃত্তাকার টেবিল ঘিরে বসে আছে। Bf বসেছে Cx এর ডানদিকে দ্বিতীয় স্থানে। Gt বসেছে Cx এর বামদিকে দ্বিতীয় স্থানে। Dj বসেছে Ai এর ঠিক বামদিকে। Ey বসেছে Fu এর ডানদিকে দ্বিতীয় স্থানে। Ey এর বামদিক থেকে গণনা করলে Ey এবং Gt এর মাঝে কতজন বসেছে?

Ans

✗ A. একজন

✓ B. দুইজন

✗ C. তিনজন

✗ D. চারজন

Q.21 প্রদত্ত চারটি বিকল্পের মধ্যে তিনটি, ইংরাজি বর্ণানুক্রম ভিত্তিক নির্দিষ্ট পদ্ধতি অনুসারে অনুরূপ এবং এইভাবে একটি দল গঠন করে। কোন বিকল্পটি সেই দলের অন্তর্গত নয়?
[দ্রষ্টব্য: বর্ণ-গুচ্ছে উপস্থিত ব্যঞ্জনবর্ণ (consonant)/ স্বরবর্ণের (vowel) সংখ্যা কিংবা তাদের অবস্থানের উপর ভিত্তি করে ব্যতিক্রমী বিকল্পটিকে নির্ধারণ করা যাবে না।]

Ans

✗ A. RXBE

✗ B. VBFI

✓ C. GNQT

✗ D. UAEH

Q.22 সরল করুন।

$$\left(\frac{9x^2-68xy+64y^2}{3x-8y}-3x+8y+\frac{10xy}{3x-8y}\right)\left(\frac{64y^2-9x^2}{3x+8y}\right)$$

Ans
- ✔ A. 10xy
- ✘ B. −10xy
- ✘ C. 3x − 8y
- ✘ D. 3x + 8y

Q.23 একটি নির্দিষ্ট সাংকেতিক ভাষায়, 'XJCQ' কে লেখা হয় '108' হিসাবে এবং 'PNST' কে লেখা হয় '78' হিসাবে। প্রদত্ত ওই সাংকেতিক ভাষায় 'OBYN' কে কীভাবে লেখা হয়?

Ans
- ✘ A. 110
- ✘ B. 108
- ✔ C. 104
- ✘ D. 101

Q.24 ইংরাজি বর্ণানুক্রম অনুসারে, ORVX একটি নির্দিষ্ট পদ্ধতিতে YBFH এর সঙ্গে সম্পর্কিত। অনুরূপ পদ্ধতি অনুসারে ADHJ সম্পর্কিত KNRT এর সঙ্গে। অনুরূপ পদ্ধতি অনুসরণ করে JMQS নিচের কোন বিকল্পটির সঙ্গে সম্পর্কিত?

Ans
- ✘ A. TWZC
- ✔ B. TWAC
- ✘ C. TVZC
- ✘ D. TXZB

Q.25 প্রদত্ত চারটি বিকল্পের মধ্যে তিনটি, ইংরাজি বর্ণানুক্রম ভিত্তিক নির্দিষ্ট পদ্ধতি অনুসারে অনুরূপ এবং এইভাবে একটি দল গঠন করে। কোন বিকল্পটি সেই দলের অন্তর্গত নয়? [দ্রষ্টব্য: বর্ণ-গুচ্ছে উপস্থিত ব্যঞ্জনবর্ণ (consonant)/ স্বরবর্ণের (vowel) সংখ্যা কিংবা তাদের অবস্থানের উপর ভিত্তি করে ব্যতিক্রমী বিকল্পটিকে নির্ধারণ করা যাবে না।]

Ans
- ✘ A. EA – VR
- ✔ B. OK – GB
- ✘ C. RN – IE
- ✘ D. UQ – LH

Q.26 একটি নির্দিষ্ট সাংকেতিক ভাষায়, 'UHRD' কে লেখা হয় '57' হিসাবে এবং 'SALM' কে লেখা হয় '63' হিসাবে। ওই সাংকেতিক ভাষায় 'YFCP' কে কীভাবে লেখা হয়?

Ans
- ✘ A. 61
- ✘ B. 55
- ✔ C. 58
- ✘ D. 52

Q.27 CONSULT শব্দটির প্রতিটি বর্ণকে ইংরাজি বর্ণানুক্রম অনুসারে সাজানো হলে, কতগুলি বর্ণের অবস্থান অপরিবর্তিত থাকবে?

Ans
- ✘ A. এক
- ✘ B. শূন্য
- ✘ C. তিন
- ✔ D. দুই

Q.28 বার্ষিক 12% চক্রবৃদ্ধি সুদের হারে (বার্ষিক দেয়) একটি নির্দিষ্ট মূলধন বিনিয়োগ করা হয়। যদি 2 বছর পর সুদে-আসলে তা ₹25,088 হয়, তাহলে বিনিয়োগকৃত মূলধনের পরিমাণ কত ছিল?

Ans
- ✔ A. ₹20,000
- ✘ B. ₹19,000
- ✘ C. ₹22,000
- ✘ D. ₹21,000

blackbook

Q.29 প্রদত্ত ক্রমটি দেখুন এবং নিচের প্রশ্নের উত্তর দিন। কেবল বামদিক থেকে ডানদিকে গণনা করতে হবে।
(বামদিক) J H # P N @ $ R & Z Ω T £ D V R Y (ডানদিক)
এরকম কতগুলি ব্যঞ্জনবর্ণ (consonant) রয়েছে, যার প্রতিটির ঠিক আগে একটি চিহ্ন আছে এবং ঠিক পরে একটি ব্যঞ্জনবর্ণ (consonant) আছে?

Ans
- ✔ A. দুইটি
- ✘ B. একটি
- ✘ C. তিনটি
- ✘ D. একটিও নয়

Q.30 পর্যাপ্ত অক্সিজেনের উপস্থিতিতে একটি কার্বন যৌগের সম্পূর্ণ দহন ঘটলে সর্বদা কোন গ্যাসটি উৎপন্ন হয়?

Ans
- ✘ A. কার্বন মনোক্সাইড
- ✘ B. মিথেন
- ✘ C. অক্সিজেন
- ✔ D. কার্বন ডাই অক্সাইড

Q.31 6 cm ব্যাসার্ধ এবং 14 cm উচ্চতা বিশিষ্ট একটি চোঙের বক্রতলের ক্ষেত্রফল (cm^2 তে) নির্ণয় করুন। (ব্যবহার করুন π = 22/7)

Ans
- ✔ A. 528
- ✘ B. 526
- ✘ C. 524
- ✘ D. 522

Q.32 একটি যন্ত্রের প্রকৃত দাম ₹25,000 হয়। যদি যন্ত্রটির বার্ষিক 4% হারে দাম হ্রাস হয়, তাহলে দুই বছর পর যন্ত্রটির দাম কত হবে?

Ans
- ✔ A. ₹23,040
- ✘ B. ₹24,040
- ✘ C. ₹24,400
- ✘ D. ₹23,400

Q.33 অরবিন্দ A বিন্দু থেকে যাত্রা শুরু করে উত্তর দিকে 9 km গাড়ি চালায়। এরপর সে ডানদিকে বাঁক নিয়ে 13 km, আবার ডানদিকে বাঁক নিয়ে 11 km গাড়ি চালায়। তারপর সে ডানদিকে বাঁক নিয়ে 18 km গাড়ি চালায়। সবশেষে সে ডানদিকে বাঁক নিয়ে 2 km গাড়ি চালিয়ে P বিন্দুতে থামে। A বিন্দুতে পুনরায় পৌঁছানোর জন্য তাকে আর কত দূরত্ব (সর্বনিম্ন দূরত্ব) এবং কোন দিকে গাড়ি চালাতে হবে? (নির্দিষ্টভাবে উল্লেখ করা না থাকলে, সকল বাঁক 90° ধরতে হবে।)

Ans
- ✘ A. 4 km পূর্বে
- ✘ B. 5 km পশ্চিমে
- ✔ C. 5 km পূর্বে
- ✘ D. 4 km পশ্চিমে

Q.34 সাতটি বাক্স C, D, E, F, K, L এবং M কে একে অপরের উপরে রাখা হয় কিন্তু এই ক্রমেই রাখা হয়েছে এমনটা আবশ্যক নয়।
F কে নিচ থেকে দ্বিতীয় স্থানে রাখা হয়। F ও C এর মাঝখানে মাত্র তিনটি বাক্স রাখা হয়। M কে F এর নিচের কোনো একটি অবস্থানে রাখা হয়। C ও D এর মাঝখানে শুধুমাত্র E কে রাখা হয়। K কে C এর উপরের কোনো একটি অবস্থানে রাখা হয়।
L ও C এর মাঝখানে কতগুলি বাক্সকে রাখা হয়?

Ans
- ✘ A. একটি
- ✘ B. তিনটি
- ✔ C. দুইটি
- ✘ D. চারটি

blackbook

Q.35 প্রদত্ত প্রশ্নটি নিচে দেওয়া শব্দগুলির ভিত্তিতে তৈরি।
ART LOW CRY FLU
প্রতিটি শব্দের, প্রতিটি স্বরবর্ণকে (vowel) ইংরাজি বর্ণানুক্রম অনুসারে এটির ঠিক পরবর্তী বর্ণ দিয়ে এবং প্রতিটি ব্যঞ্জনবর্ণকে (consonant) ইংরাজি বর্ণানুক্রম অনুসারে এটির ঠিক পূর্ববর্তী বর্ণ দিয়ে প্রতিস্থাপন করা হয়। এইভাবে গঠিত কতগুলি বর্ণগুচ্ছে একটিও স্বরবর্ণ (vowel) থাকবে না?

Ans
- ✔ A. তিনটি
- ✘ B. চারটি
- ✘ C. দুটি
- ✘ D. একটি

Q.36 হৃৎপিণ্ড সংকুচিত হলে রক্তের দ্বারা ধমনীর প্রাচীরের উপর প্রযুক্ত চাপ হল _____।

Ans
- ✘ A. ধমনীর গড় চাপ
- ✘ B. বায়ুর চাপ
- ✘ C. ডায়াস্টোলিক চাপ
- ✔ D. সিস্টোলিক চাপ

Q.37 A, B, C, D এবং E এর বয়স ভিন্ন। C এর বয়স কেবল D এবং E এর চেয়ে কম। A এর বয়স B এর চেয়ে বেশি কিন্তু C এর চেয়ে কম।
কার বয়স সবচেয়ে কম?

Ans
- ✔ A. B
- ✘ B. D
- ✘ C. C
- ✘ D. A

Q.38 4 একটি নির্দিষ্ট পদ্ধতিতে 38 এর সঙ্গে সম্পর্কিত। অনুরূপ পদ্ধতি অনুসারে 9 সম্পর্কিত 83 এর সঙ্গে। অনুরূপ পদ্ধতি অনুসরণ করে 13 নিচের কোন বিকল্পটির সঙ্গে সম্পর্কিত?
(দ্রষ্টব্য: সংখ্যাগুলিকে তাদের উপাদান অঙ্কে বিভাজিত না করে অখণ্ড সংখ্যার উপরেই সকল কার্যক্রম সম্পাদন করতে হবে। যেমন 13 এর ক্ষেত্রে, 13 এর উপরেই যাবতীয় কার্যক্রম সম্পাদন করতে হবে। অর্থাৎ, 13 এর সঙ্গেই যোগ/বিয়োগ/গুণ ইত্যাদি করতে হবে কিন্তু 13 কে তার উপাদান অঙ্ক 1 এবং 3 এ বিভাজিত করে তারপর 1 এবং 3 এর উপর কোনোপ্রকার গাণিতিক কার্যক্রম সম্পাদন করা যাবে না।)

Ans
- ✘ A. 112
- ✔ B. 119
- ✘ C. 115
- ✘ D. 109

Q.39 প্রদত্ত ক্রমের প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কোন বর্ণ-সংখ্যাগুচ্ছটি বসলে ক্রমটি যৌক্তিকভাবে সম্পূর্ণ হবে?
DFC 11, IKH 18, NPM 25, SUR 32, ?

Ans
- ✘ A. VXZ 39
- ✘ B. ZWX 38
- ✔ C. XZW 39
- ✘ D. UXW 38

Q.40 বিকল্পগুলি থেকে, নিচে প্রদত্ত জোড়া দু'টির মতো অনুরূপ বিন্যাস অনুসরণকারী জোড়াটি চয়ন করুন। উভয় জোড়া অনুরূপ বিন্যাস অনুসরণ করে।
OAT : QWV
SSX : UOZ

Ans
- ✘ A. LWK : PUO
- ✘ B. TKY : WGB
- ✔ C. WKB : YGD
- ✘ D. UST : WPV

blackbook

Q.41 একটি দোকানে X ও Y—এই দুই ধরনের ডিজিটাল স্টোরেজ ডিভাইস 3 : 8 অনুপাতে রাখা আছে। যদি X ধরনের ডিভাইসের সংখ্যা 24 টি হয়, তবে Y ধরনের ডিভাইসের সংখ্যা X ধরনের ডিভাইসের সংখ্যার চেয়ে কত বেশি?

Ans
- ✔ A. 40
- ✘ B. 64
- ✘ C. 48
- ✘ D. 32

Q.42 E, F, G, H, W, X এবং Y—এই সাতজন ব্যক্তি একটি বৃত্তাকার টেবিলকে ঘিরে কেন্দ্রের দিকে মুখ করে বসে আছেন। G বসে আছেন F এর ডানদিকে তৃতীয় স্থানে। H বসে আছেন Y এর ডানদিকে চতুর্থ স্থানে। F এর বাম দিক থেকে গণনা করলে F ও Y এর মাঝে মাত্র দু'জন ব্যক্তি বসে আছেন। W বসে নেই H বা F এর ঠিক পাশে। X ও W পরস্পর পাশাপাশি বসে নেই। E এর ডানদিকে তৃতীয় স্থানে কে বসে আছেন?

Ans
- ✔ A. X
- ✘ B. Y
- ✘ C. F
- ✘ D. G

Q.43 ইংরাজি বর্ণমালার ক্রম অনুযায়ী, REFLIMS শব্দটির প্রতিটি স্বরবর্ণকে (vowel) তার ঠিক পরবর্তী বর্ণ দিয়ে প্রতিস্থাপন করা হল এবং প্রতিটি ব্যঞ্জনবর্ণকে (consonant) তার ঠিক পূর্ববর্তী বর্ণ দিয়ে প্রতিস্থাপন করা হল।
এইভাবে গঠিত নতুন বর্ণগুচ্ছে কোন বর্ণটি ঠিক দু'বার উপস্থিত থাকবে?

Ans
- ✘ A. 3
- ✘ B. 1
- ✔ C. 0
- ✘ D. 2

Q.44 একটি প্রিমিয়াম হেডফোনের মুদ্রিত মূল্যের ওপর ক্রমিক 15% ও 10% ছাড় দেওয়ার পর সেটির মূল্য ₹15,300 হয়েছিল। হেডফোনটির মুদ্রিত মূল্য (₹ এ) কত ছিল?

Ans
- ✔ A. 20,000
- ✘ B. 18,000
- ✘ C. 19,500
- ✘ D. 21,000

Q.45 সরল করুন।
$(6561)^{0.18} \times (6561)^{0.07}$

Ans
- ✔ A. 9
- ✘ B. 5
- ✘ C. 4
- ✘ D. 6

Q.46 নিচের কোন গ্রন্থি জোড়াটি এমন তরল ক্ষরণ করে যা শুক্রাণুকে পুষ্টি যোগায় এবং তাদের সক্রিয় রাখতে সাহায্য করে?

Ans
- ✘ A. ভাস ডিফারেন্স এবং মূত্রনালী
- ✘ B. শুক্রাশয় এবং স্ক্রোটাম
- ✔ C. সেমিনাল ভেসিকল এবং প্রোস্টেট
- ✘ D. স্ক্রোটাম এবং মূত্রনালী

Q.47 একটি গাড়ির রেডিয়েটরে 84% অ্যান্টিফ্রিজযুক্ত একটি দ্রবণ থাকা প্রয়োজন। একজন মোটরচালকের কাছে 54% অ্যান্টিফ্রিজযুক্ত 4 লিটার দ্রবণ রয়েছে। প্রয়োজনীয় 84% অ্যান্টিফ্রিজের দ্রবণটি তৈরি করতে তাকে ওই দ্রবণে কত লিটার (2 দশমিক স্থান পর্যন্ত আসন্ন মান) 95% অ্যান্টিফ্রিজযুক্ত তরল মেশাতে হবে?

Ans
- ✘ A. 6.85
- ✘ B. 16.93
- ✘ C. 14.46
- ✔ D. 10.91

blackbook

Q.48 নিচে একটি প্রশ্ন এবং তারপরে (I) এবং (II) সংখ্যাযুক্ত দু'টি বিবৃতি দেওয়া হয়েছে। প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য বিবৃতিতে প্রদত্ত তথ্যসমূহ যথেষ্ট কিনা তা নির্ধারণ করুন। বিবৃতিগুলি অধ্যয়ন করে সবচেয়ে উপযুক্ত উত্তরটি চয়ন করুন।

প্রশ্ন: পাঁচজন ব্যক্তি—গৌতম, হীরাল, ইভান, জীবিকা ও কেশব—একটি সারিতে দাঁড়িয়ে আছেন। কে সবার শেষে দাঁড়িয়ে আছেন?

(I) হীরাল দাঁড়িয়ে আছেন ইভানের পেছনে কিন্তু গৌতমের সামনে।
(II) জীবিকা দাঁড়িয়ে আছেন গৌতমের পেছনে এবং কেশব দাঁড়িয়ে আছেন জীবিকার পেছনে।

Ans
✗ A. বিবৃতি I এ প্রদত্ত তথ্য এককভাবে প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট, কিন্তু বিবৃতি II তে প্রদত্ত তথ্য যথেষ্ট নয়।
✗ B. বিবৃতি II তে প্রদত্ত তথ্য এককভাবে প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট, কিন্তু বিবৃতি I এ প্রদত্ত তথ্য যথেষ্ট নয়।
✓ C. বিবৃতি I এবং বিবৃতি II তে প্রদত্ত তথ্য যৌথভাবে (বিবৃতি I অথবা বিবৃতি II এককভাবে নয়) প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট।
✗ D. বিবৃতি I এবং বিবৃতি II তে প্রদত্ত তথ্য যৌথভাবেও প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট নয়।

Q.49 যদি $12 \sin y + \cos y = \sqrt{8} \sin y$ হয়, তাহলে $\tan y$ এর মান কত?

Ans
✗ A. $\frac{-13 - \sqrt{8}}{136}$
✗ B. $\frac{-12 - \sqrt{8}}{141}$
✗ C. $\frac{-12 - \sqrt{8}}{146}$
✓ D. $\frac{-12 - \sqrt{8}}{136}$

Q.50 বিকল্পগুলি থেকে, নিচে প্রদত্ত জোড়া দু'টির মতো অনুরূপ বিন্যাস অনুসরণকারী জোড়াটি চয়ন করুন। উভয় জোড়া অনুরূপ বিন্যাস অনুসরণ করে।

TRT–WUW
IGI–LJL

Ans
✓ A. DBD–GEG
✗ B. DBD–FEF
✗ C. DAB–GEG
✗ D. DAB–FDF

Q.51 যদি + এর অর্থ - হয়, - এর অর্থ × হয়, × এর অর্থ ÷ হয় এবং ÷ এর অর্থ + হয়, তাহলে নিচের সমীকরণে প্রশ্নবোধক প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কী বসবে?
86 - 13 ÷ 127 + 684 × 12 = ?

Ans
✗ A. 1169
✓ B. 1188
✗ C. 1135
✗ D. 1122

Q.52 পুরানো যন্ত্রপাতি পরিবর্তন করে বিদ্যুৎ-সাশ্রয়ী মডেল বসানোর ফলে একটি পরিবারে তাদের মাসিক বিদ্যুৎ খরচ 15% কমে। যদি আগে তারা মাসে 400 ইউনিট বিদ্যুৎ ব্যবহার করত, তবে এখন তারা কত ইউনিট বিদ্যুৎ ব্যবহার করে?

Ans
✗ A. 300
✗ B. 345
✗ C. 365
✓ D. 340

blackbook

Q.53 প্রদত্ত ক্রমের প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কোন বর্ণ-সংখ্যাগুচ্ছটি বসলে ক্রমটি যৌক্তিকভাবে সম্পূর্ণ হবে?
RGZ 12, VDD 17, ZAH 22, DXL 27, ?

Ans
- ✗ A. GVR 30
- ✗ B. GUQ 32
- ✓ C. HUP 32
- ✗ D. HWQ 30

Q.54 প্রদত্ত ক্রমের প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কী বসবে?
6 10 18 34 66 ?

Ans
- ✗ A. 133
- ✗ B. 128
- ✓ C. 130
- ✗ D. 134

Q.55 L, M, N, O, G, H এবং I এর প্রত্যেকে একটি সপ্তাহের পৃথক পৃথক দিনে পরীক্ষা দেয়, যা সপ্তাহটির সোমবার থেকে শুরু হয়ে একই সপ্তাহের রবিবার পর্যন্ত চলে। N এর আগে কেবল M এর পরীক্ষা আছে। L এবং H এর মাঝে মাত্র তিনজনের পরীক্ষা আছে। N এবং I এর মাঝে কেবল তিনজন ব্যক্তির পরীক্ষা আছে। H এর আগের কোনো এক দিনে এবং G এর পরের কোনো এক দিনে O এর পরীক্ষা আছে। L এর পর কতজন ব্যক্তির পরীক্ষা আছে?

Ans
- ✗ A. তিনজন
- ✗ B. দু'জন
- ✓ C. চারজন
- ✗ D. একজন

Q.56 যদি 5287463 সংখ্যার প্রতিটি জোড় অঙ্কের সঙ্গে 1 যোগ করা হয় এবং প্রতিটি বিজোড় অঙ্কের সঙ্গে 1 যোগ করা হয়, তাহলে এইভাবে গঠিত নতুন সংখ্যার সমস্ত বিজোড় অঙ্কের সমষ্টি কত হবে?

Ans
- ✗ A. 20
- ✗ B. 26
- ✗ C. 22
- ✓ D. 24

Q.57 মান নির্ণয় করুন।

$$\left(\frac{11}{3}\right)^3 \times \left(\frac{3}{11}\right)^{13} \times \left(\frac{11}{3}\right)^6 = \left(\frac{3}{11}\right)^{3m+11}$$

Ans
- ✗ A. $-\frac{5}{3}$
- ✗ B. $\frac{5}{3}$
- ✗ C. $\frac{7}{3}$
- ✓ D. $-\frac{7}{3}$

Q.58 প্রদত্ত ক্রমটি দেখুন এবং প্রশ্নটির উত্তর দিন।
(বামদিক) W Z L V B R O F V Y N K H V N T G B J D C Y Z Q D X (ডানদিক)
বাম প্রান্ত থেকে তৃতীয় বর্ণ এবং ডান প্রান্ত থেকে তৃতীয় বর্ণের মাঝে ইংরেজি বর্ণমালায় কয়টি বর্ণ আছে?

Ans
- ✓ A. চার
- ✗ B. ছয়
- ✗ C. পাঁচ
- ✗ D. তিন

Blackbook

Q.59 প্রশ্নটি, প্রদত্ত তিন-অঙ্ক বিশিষ্ট পাঁচটি সংখ্যার উপর ভিত্তি করে তৈরি।
(বামদিক) 241 826 356 742 961 (ডানদিক)
(উদাহরণ: 697 → প্রথম অঙ্ক = 6, দ্বিতীয় অঙ্ক = 9 এবং তৃতীয় অঙ্ক = 7)
দ্বিতীয় বৃহত্তম সংখ্যার তৃতীয় অঙ্কটিকে দ্বিতীয় ক্ষুদ্রতম সংখ্যার তৃতীয় অঙ্ক দিয়ে গুণ করলে ফলাফল কী হবে?

Ans
- ✔ A. 36
- ✘ B. 9
- ✘ C. 18
- ✘ D. 56

Q.60 একটি স্কুলের উপস্থিতি ড্যাশবোর্ডে পরপর পাঁচ দিনের উপস্থিতির হিসাব রাখা হয়। চার দিনে উপস্থিতি ছিল যথাক্রমে 48, 50, 47 এবং 53 জন। যদি ড্যাশবোর্ডের তথ্য অনুযায়ী ওই পাঁচ দিনে গড় উপস্থিতি 50 হয়, তবে পঞ্চম দিনে উপস্থিতির সংখ্যা কত ছিল?

Ans
- ✘ A. 54
- ✔ B. 52
- ✘ C. 50
- ✘ D. 51

Q.61 যদি 'A' এর অর্থ '÷' হয়, 'B' এর অর্থ '×' হয়, 'C' এর অর্থ '+' হয় এবং 'D' এর অর্থ '−' হয়, তাহলে নিচের সমীকরণে প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কী বসবে?
2 B 1 D 6 A 2 C 3 = ?

Ans
- ✘ A. 5
- ✔ B. 2
- ✘ C. 7
- ✘ D. 8

Q.62 একটি স্কুলের দশম শ্রেণিকে তিনটি সেকশন A, B এবং C তে ভাগ করা হয়েছে। A ও B সেকশনের শিক্ষার্থীদের অনুপাত 1 : 3 এবং B ও C সেকশনের শিক্ষার্থীদের অনুপাত 4 : 5 হয়। যদি দশম শ্রেণিতে মোট শিক্ষার্থীর সংখ্যা 341 হয়, তবে A সেকশনে কতজন শিক্ষার্থী আছে?

Ans
- ✘ A. 46
- ✘ B. 42
- ✔ C. 44
- ✘ D. 40

Q.63 PRINTED শব্দটির প্রতিটি স্বরবর্ণকে (vowel) ইংরেজি বর্ণমালার ক্রম অনুযায়ী ঠিক পরের বর্ণটি দিয়ে এবং প্রতিটি ব্যঞ্জনবর্ণকে (consonant) ঠিক আগের বর্ণটি দিয়ে প্রতিস্থাপন করা হলে, গঠিত নতুন বর্ণগুচ্ছতে বাম দিক থেকে তৃতীয় বর্ণটি কী হবে?

Ans
- ✘ A. S
- ✘ B. M
- ✘ C. F
- ✔ D. J

Q.64 একজন ব্যক্তি বার্ষিক 8% সরল সুদের হারে 3 বছরের জন্য ₹56,500 মূলধন বিনিয়োগ করলে, 3 বছর পর তিনি কত সবৃদ্ধিমূল (₹ তে) পাবেন তা নির্ণয় করুন।

Ans
- ✘ A. 69,060
- ✘ B. 69,600
- ✘ C. 70,600
- ✔ D. 70,060

Q.65 নিম্নলিখিত কোন সংখ্যাটি 19 এবং 46 উভয় দ্বারাই বিভাজ্য?

Ans
- ✘ A. 17039
- ✔ B. 16606
- ✘ C. 15005
- ✘ D. 17849

Black book

Q.66 A, B, E, F, G, H এবং I এর প্রত্যেকে একটি সপ্তাহের পৃথক পৃথক দিনে পরীক্ষা দেয়, যা সপ্তাহটির সোমবার থেকে শুরু হয়ে একই সপ্তাহের রবিবার পর্যন্ত চলে। E এর পরীক্ষা শনিবার। H এর পরীক্ষা A এর ঠিক আগে। B এর পরীক্ষা F এর পরের কোনো একটি দিনে। A এর ঠিক পরের দিনে I এর পরীক্ষা হয়। E এবং G এর মাঝে মাত্র একজন ব্যক্তির পরীক্ষা আছে। A এবং B এর মাঝে কতজন পরীক্ষা দেয়?

Ans
- ✗ A. একজন
- ✗ B. দু'জন
- ✗ C. তিনজন
- ✓ D. চারজন

Q.67 প্রদত্ত ক্রমটি দেখুন এবং প্রশ্নটির উত্তর দিন। শুধুমাত্র বামদিক থেকে ডানদিকে গণনা করতে হবে।
(বামদিক) # V $ A U % * € V S C & O X & Z * % @ @ F I (ডানদিক)
উপরের ক্রমে এরকম কতগুলি বর্ণ আছে, যার প্রত্যেকটির ঠিক আগে একটি বর্ণ এবং ঠিক পরে একটি চিহ্ন আছে?

Ans
- ✗ A. 8
- ✗ B. 5
- ✓ C. 3
- ✗ D. 4

Q.68 AB এবং CD দু'টি সমান্তরাল রেখা। অন্য একটি রেখা EF এই সমান্তরাল রেখাদ্বয়কে যথাক্রমে M এবং N বিন্দুতে ছেদ করে। BMN এবং MND কোণগুলির সমদ্বিখণ্ডকগুলি P বিন্দুতে মিলিত হয়। নিচের বিবৃতিগুলির মধ্যে কোনটি সত্য?

Ans
- ✗ A. MNP কোনো সমকোণী ত্রিভুজ নয়
- ✓ B. MNP হল একটি সমকোণী ত্রিভুজ যার P বিন্দুতে সমকোণ
- ✗ C. MNP হল একটি সমকোণী ত্রিভুজ যার M বিন্দুতে সমকোণ
- ✗ D. MNP হল একটি সমকোণী ত্রিভুজ যার N বিন্দুতে সমকোণ

Q.69 মোবাইল অ্যাক্সেসরিজ বিক্রেতা মৌসুম-শেষের ছাড়ের সময় অবিক্রীত চার্জারের একটি ব্যাচ বিক্রি করে দিলেন। ব্যাচটির আসল কেনা দাম ছিল ₹6,000, কিন্তু দোকানের তাকে জায়গা খালি করার জন্য সেটি ₹5,700 এ বিক্রি করা হয়। বিক্রেতার কত (₹ এ) ক্ষতি হল?

Ans
- ✗ A. 290
- ✗ B. 280
- ✗ C. 320
- ✓ D. 300

Q.70 সংখ্যা/ চিহ্নের একটি দলকে, নিচে প্রদত্ত বর্ণ-সংকেত ব্যবহার করে এবং প্রদত্ত শর্তাবলি অনুসারে, সংকেতভুক্ত করা হয়েছে। এই শর্তাবলি অনুসারে ঠিক সংকেত-সমবায়টিকে আপনার উত্তর হিসাবে প্রকাশ করুন।
দ্রষ্টব্য: যদি কোনো শর্তই প্রযোজ্য না হয়, তাহলে সংশ্লিষ্ট সংখ্যা/ চিহ্নের ক্ষেত্রে সরাসরি সারণিতে দেওয়া সংকেত অনুসরণ করতে হবে।

সংখ্যা/ চিহ্ন	8	6	%	5	#	!	&	9	3	?
সংকেত	Y	A	V	J	P	Q	N	X	K	I

শর্তাবলি –
(i) যদি প্রথম উপাদানটি একটি চিহ্ন এবং শেষ উপাদানটি একটি সংখ্যা হয়, তাহলে এই দুটির সংকেতকে পরস্পর বিনিময় করতে হবে।
(ii) যদি দ্বিতীয় ও তৃতীয় উপাদানগুলি বিজোড় সংখ্যা হয়, তাহলে তৃতীয় উপাদানটিকে দ্বিতীয় উপাদানের সংকেত হিসাবে সংকেতভুক্ত করতে হবে।
(iii) যদি চতুর্থ উপাদানটি একটি চিহ্ন এবং পঞ্চম উপাদানটি একটি সংখ্যা হয়, তবে উভয় উপাদানকে © হিসাবে সংকেতভুক্ত করতে হবে।

নিচের সংখ্যা-চিহ্নগুচ্ছটির সংকেত কী হবে?
8 6 % 5 #

Ans
- ✗ A. PAVJP
- ✗ B. YANJP
- ✓ C. YAVJP
- ✗ D. YAVJZ

black

Q.71 সংখ্যা/ চিহ্নের একটি দলকে, নিচে প্রদত্ত বর্ণ-সংকেত ব্যবহার করে এবং প্রদত্ত শর্তাবলি অনুসারে, সংকেতভুক্ত করা হয়েছে। এই শর্তাবলি অনুসারে ঠিক সংকেত-সমবায়টিকে আপনার উত্তর হিসাবে প্রকাশ করুন।
দ্রষ্টব্য: যদি কোনো শর্তই প্রযোজ্য না হয়, তাহলে সংশ্লিষ্ট সংখ্যা/ চিহ্নের ক্ষেত্রে সরাসরি সারণিতে দেওয়া সংকেত অনুসরণ করতে হবে।

সংখ্যা/ চিহ্ন ! * 3 # @ % 8 6 $?

সংকেত A E B D L Z T Q J I

শর্তাবলি:
(i) যদি প্রথম উপাদানটি একটি চিহ্ন এবং শেষ উপাদানটি একটি সংখ্যা হয়, তাহলে এই দু'টির (প্রথম এবং শেষ উপাদান) সংকেতগুলিকে পরস্পর বিনিময় করতে হবে।
(ii) যদি দ্বিতীয় ও তৃতীয় উপাদান দুটি বিজোড় সংখ্যা হয়, তাহলে তৃতীয় উপাদানটিকে দ্বিতীয় উপাদানের সংকেত হিসাবে সংকেতভুক্ত করতে হবে।
(iii) যদি চতুর্থ উপাদানটি একটি চিহ্ন এবং পঞ্চম উপাদানটি একটি সংখ্যা হয়, তবে উভয় উপাদানগুলিকে © হিসাবে সংকেতভুক্ত করতে হবে।

নিচের সংখ্যা-চিহ্নগুচ্ছটির সংকেত কী হবে?
! * 3 # @

Ans
- ✔ A. AEBDL
- ✘ B. AEQDL
- ✘ C. ZEBDL
- ✘ D. LEBDL

Q.72 রোধাঙ্ক সম্পর্কে নিচের কোন বিবৃতিটি ঠিক?

Ans
- ✘ A. প্রযুক্ত ভোল্টেজের সঙ্গে রোধাঙ্ক পরিবর্তিত হয়
- ✘ B. রোধাঙ্ক তড়িৎপ্রবাহের সঙ্গে পরিবর্তিত হয়
- ✔ C. একটি নির্দিষ্ট তাপমাত্রায় কোনো পদার্থের রোধাঙ্ক অপরিবর্তিত থাকে
- ✘ D. রোধাঙ্ক তড়িৎপ্রবাহের কম্পাঙ্কের উপর নির্ভর করে

Q.73 S, T, U, V এবং W একটি বৃত্তাকার টেবিলকে ঘিরে টেবিলের কেন্দ্রের দিকে মুখ করে বসে আছে। U বসে আছে S এর ঠিক ডানদিকে। V বসে আছে U এর বামদিকে দ্বিতীয় স্থানে। W এবং V পাশাপাশি বসে নেই। W এর ঠিক বামদিকে কে বসে আছে?

Ans
- ✘ A. S
- ✔ B. U
- ✘ C. T
- ✘ D. V

Q.74 প্রদত্ত ক্রমে, প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কী বসবে?
62 73 95 139 227 ?

Ans
- ✘ A. 401
- ✘ B. 408
- ✔ C. 403
- ✘ D. 407

Q.75 সরল করুন।

$(17pq + 16q)^2 - (17pq - 16q)^2$

Ans
- ✔ A. $1088pq^2$
- ✘ B. $544pq^2$
- ✘ C. $544p^2q^2$
- ✘ D. $1088p^2q$

Black

सत्यमेव जयते

रेलवे भर्ती बोर्ड | RAILWAY RECRUITMENT BOARD

सीईएन ०१/२०२६ सहायक लोको पायलट (एएलपी) के पद पर भर्ती

CEN 01/2026 Recruitment of Assistant Loco Pilot (ALP)

Test Date	04/11/2026
Test Time	4:00 PM - 5:00 PM
Subject	RRB ALP 2026 CBT 1

*** Note**
Correct Answer will carry 1 mark per Question.
Incorrect Answer will carry 1/3 Negative mark per Question.

1. Options shown in green color with a tick icon are correct.
2. Chosen option on the right of the question indicates the option selected by the candidate.

Section : **RRB ALP**

Q.1 একটি নির্দিষ্ট অর্থরাশি A, B ও C এর মধ্যে 4:5:6 অনুপাতে ভাগ করা হল। C যদি ₹2,400 পায়, তবে B কত পাবে?

Ans
- ✗ A. ₹2,200
- ✗ B. ₹1,800
- ✗ C. ₹1,600
- ✓ D. ₹2,000

Q.2 নিচের কোন সংখ্যাটি 11 এবং 24 উভয় দ্বারাই বিভাজ্য?

Ans
- ✗ A. 19408
- ✗ B. 16811
- ✓ C. 17688
- ✗ D. 19640

Q.3 OARFISH শব্দটির প্রতিটি বর্ণকে ইংরাজি বর্ণানুক্রম অনুসারে সাজানো হলে, কতগুলি বর্ণের অবস্থান অপরিবর্তিত থাকবে?

Ans
- ✗ A. এক
- ✗ B. দুই
- ✓ C. শূন্য
- ✗ D. তিন

Q.4 যদি a + b + c = 0 হয়, তাহলে $\frac{a^2}{a^2 - bc} + \frac{b^2}{b^2 - ca} + \frac{c^2}{c^2 - ab}$ এর মান কত?

Ans
- ✗ A. 0
- ✗ B. 6
- ✗ C. 4
- ✓ D. 2

Q.5 একটি কল একটি ট্যাঙ্ককে 9 ঘন্টায় ভর্তি করে। আরেকটি কল ভর্তি ট্যাঙ্কটিকে 18 ঘন্টায় খালি করে। ট্যাঙ্কটি শুরুতে খালি ছিল এবং দু'টি কলকে একসাথে চালু করা হয়। ট্যাঙ্কটির অর্ধেক অংশ ভর্তি হতে কত সময় (ঘন্টায়) লাগবে?

Ans
- ✗ A. 19
- ✓ B. 9
- ✗ C. 10
- ✗ D. 18

Q.6 প্রদত্ত প্রশ্নটি নিচে দেওয়া শব্দগুলির ভিত্তিতে তৈরি।
COG LIT HER LET
প্রতিটি শব্দে, প্রতিটি স্বরবর্ণকে (vowel) ইংরেজি বর্ণমালার ক্রম অনুযায়ী তার ঠিক আগের বর্ণটি দিয়ে এবং প্রতিটি ব্যঞ্জনবর্ণকে (consonant) ইংরেজি বর্ণমালার ক্রম অনুযায়ী তার ঠিক পরের বর্ণটি দিয়ে প্রতিস্থাপন করা হয়। এভাবে গঠিত বর্ণগুচ্ছগুলোর মধ্যে কতগুলিতে কোনো স্বরবর্ণ থাকবে না?

Ans
✗ A. দুই
✗ B. তিন
✗ C. চার
✓ D. এক

Q.7 1292 m এর একটি বৃত্তাকার পথে, সুজাতা এবং অঞ্জলি একই বিন্দু থেকে কিন্তু বিপরীত দিকে যথাক্রমে 3.7 m/s এবং X m/sec গতিতে হাঁটতে শুরু করে। তারা 136 সেকেন্ড পর প্রথমবারের মতো মিলিত হলে, X এর মান নির্ণয় করুন।

Ans
✓ A. 5.8
✗ B. 9.4
✗ C. 0.4
✗ D. 11.3

Q.8 সাতজন ব্যক্তি A, B, C, I, J, K এবং L উত্তরদিকে মুখ করে একটি সারিতে বসে আছে।
কেবল দু'জন ব্যক্তি বসে আছে B এবং A এর মাঝে। কেবল L বসে আছে I এর ডানদিকে।
কেবল একজন ব্যক্তি বসে আছে A এবং I এর মাঝে। K বসে আছে J এর ডানদিকে কোনো এক স্থানে কিন্তু C এর বামদিকে কোনো এক স্থানে।
কতজন ব্যক্তি C এবং J এর মাঝে বসে আছে?

Ans
✗ A. তিন
✗ B. চার
✗ C. এক
✓ D. দুই

Q.9 কার্বনের শৃঙ্খল গঠনের ক্ষমতার ফলে যৌগগুলিতে যে সমগণীয় শ্রেণির সৃষ্টি হয়, যাতে বিভিন্ন দৈর্ঘ্যের কার্বন শৃঙ্খলের সঙ্গে একই কার্যকরী মূলক যুক্ত থাকে, তা _____ নামে পরিচিত।

Ans
✗ A. সংযোজন
✓ B. ক্যাটিনেশন
✗ C. অপনয়ন
✗ D. প্রতিস্থাপন

Q.10 একটি নির্দিষ্ট সাংকেতিক ভাষায়, 'NSCG' কে লেখা হয় '86' হিসাবে এবং 'WEOP' কে লেখা হয় '118' হিসাবে। ওই সাংকেতিক ভাষায় 'QAYL' কে কীভাবে লেখা হয়?

Ans
✗ A. 113
✗ B. 120
✓ C. 110
✗ D. 116

Q.11 একজন বিনিয়োগকারী একটি প্রকল্পে ₹15,000 মূলধন জমা রাখেন, যেখানে প্রথম বছর 7% হারে এবং দ্বিতীয় বছর 8% হারে চক্রবৃদ্ধি সুদ (বার্ষিক দেয়) পাওয়া গেলে, 2 বছর শেষে সমূলচক্রবৃদ্ধি (₹ এ) কত হবে?

Ans
✗ A. 17,200
✗ B. 17,520
✓ C. 17,334
✗ D. 17,400

Q.12 যদি 643217 সংখ্যার প্রতিটি জোড় অঙ্কের সঙ্গে 2 যোগ করা হয় এবং প্রতিটি বিজোড় অঙ্ক থেকে 1 বিয়োগ করা হয়, তাহলে এইভাবে গঠিত নতুন সংখ্যার বামদিক থেকে প্রথম দু'টি অঙ্কের সমষ্টি কত হবে?

Ans

✗ A. 12

✗ B. 18

✗ C. 16

✓ D. 14

Q.13 বিকল্পগুলি থেকে, নিচে প্রদত্ত জোড়া দু'টির মতো অনুরূপ বিন্যাস অনুসরণকারী জোড়াটি চয়ন করুন। উভয় জোড়া অনুরূপ বিন্যাস অনুসরণ করে।

HDH–JFJ
PLP–RNR

Ans

✓ A. UQU–WSW

✗ B. UPS–VRV

✗ C. UPS–WSW

✗ D. UQU–VSV

Q.14 শিনি A বিন্দু থেকে যাত্রা শুরু করে দক্ষিণদিকে 11 km গাড়ি চালায়। এরপর সে ডানদিকে বাঁক নিয়ে 7 km গাড়ি চালায়। তারপর সে আবার ডানদিকে বাঁক নেয় এবং 13 km গাড়ি চালায়। এরপর সে আবার ডানদিকে বাঁক নিয়ে 12 km গাড়ি চালায়। সবশেষে সে ডানদিকে বাঁক নিয়ে 2 km গাড়ি চালায় এবং P বিন্দুতে থামে। আবার A বিন্দুতে পৌঁছানোর জন্য তাকে কত দূরত্ব (সর্বনিম্ন দূরত্ব) এবং কোন দিকে গাড়ি চালাতে হবে? (নির্দিষ্টভাবে উল্লেখ করা না থাকলে, সকল বাঁক 90° ধরতে হবে।)

Ans

✗ A. 6 km পশ্চিমদিকে

✓ B. 5 km পশ্চিমদিকে

✗ C. 7 km পশ্চিমদিকে

✗ D. 4 km পশ্চিমদিকে

Q.15 রঘু A বিন্দু থেকে যাত্রা শুরু করে উত্তর দিকে 7km গাড়ি চালায়। এরপর সে ডান দিকে বাঁক নিয়ে 5km গাড়ি চালায়। তারপর সে বাম দিকে বাঁক নিয়ে 9km গাড়ি চালায় এবং তারপর আবার ডান দিকে বাঁক নিয়ে 8km গাড়ি চালায়। সবশেষে সে ডান দিকে বাঁক নিয়ে 16km গাড়ি চালিয়ে B বিন্দুতে থামে। পুনরায় A বিন্দুতে পৌঁছানোর জন্য তাকে আর কত দূরত্ব (সর্বনিম্ন দূরত্ব) এবং কোন দিকে গাড়ি চালাতে হবে? (নির্দিষ্টভাবে উল্লেখ করা না থাকলে, সকল বাঁক 90° ধরতে হবে।)

Ans

✗ A. 14km পূর্বে

✓ B. 13km পশ্চিমে

✗ C. 11km উত্তরে

✗ D. 12km দক্ষিণে

Q.16 মান নির্ণয় করুন।

$$48.3-\left[7+\frac{1}{7+\frac{1}{7}}\right]-\left[3+\frac{1}{3+\frac{1}{3}}\right]$$

Ans

✗ A. 46.18

✓ B. 37.86

✗ C. 38.30

✗ D. 31.75

Q.17 সাতজন ব্যক্তি R, S, T, U, V, W এবং X উত্তর দিকে মুখ করে একটি সরলরৈখিক সারিতে বসে আছে। R এর বাম দিকে কেবল দু'জন ব্যক্তি বসে আছে। R এবং U এর মাঝে কেবল 3 জন ব্যক্তি বসে আছে। W বসে আছে V এর বাম দিক থেকে তৃতীয় স্থানে। V এবং R পাশাপাশি বসে নেই। T বসে আছে S এর ডান দিক থেকে দ্বিতীয় স্থানে। সারিটির বাম প্রান্তে কে বসে আছে?

Ans

✗ A. V

✓ B. X

✗ C. W

✗ D. S

black book

Q.18 15 একটি নির্দিষ্ট পদ্ধতিতে 48 এর সঙ্গে সম্পর্কিত। অনুরূপ পদ্ধতি অনুসারে 21 সম্পর্কিত 66 এর সঙ্গে। অনুরূপ পদ্ধতি অনুসরণ করে 28 নিচের কোন বিকল্পটির সঙ্গে সম্পর্কিত?
(দ্রষ্টব্য: সংখ্যাগুলিকে তাদের উপাদান অঙ্কে বিভাজিত না করে অখণ্ড সংখ্যার উপরেই সকল কার্যক্রম সম্পাদন করতে হবে। যেমন 13 এর ক্ষেত্রে, 13 এর উপরেই যাবতীয় কার্যক্রম সম্পাদন করতে হবে। অর্থাৎ, 13 এর সঙ্গেই যোগ/বিয়োগ/গুণ ইত্যাদি করতে হবে কিন্তু 13 কে তার উপাদান অঙ্ক 1 এবং 3 এ বিভাজিত করে তারপর 1 এবং 3 এর উপর কোনোপ্রকার গাণিতিক কার্যক্রম সম্পাদন করা যাবে না।)

Ans
- ✗ A. 95
- ✓ B. 87
- ✗ C. 83
- ✗ D. 92

Q.19 অক্ষয়, বাদল, ক্রিস, দক্ষ এবং এলিজাবেথের উচ্চতা ভিন্ন। দক্ষ এবং ক্রিসের মাঝে মাত্র তিনজনের উচ্চতা রয়েছে। অক্ষয় হয় এলিজাবেথের চেয়ে লম্বা কিন্তু বাদলের চেয়ে খাটো। দক্ষ হয় ক্রিসের চেয়ে লম্বা। এলিজাবেথের চেয়ে কতজন লম্বা?

Ans
- ✗ A. একজন
- ✗ B. চারজন
- ✓ C. তিনজন
- ✗ D. দুইজন

Q.20 প্রদত্ত ক্রমটি দেখুন এবং নিচের প্রশ্নের উত্তর দিন।
(বামদিক) P K O C N E Z U L B N U C Z M T U Y B E E S (ডানদিক)
এরকম কতগুলি ব্যঞ্জনবর্ণ (consonant) রয়েছে, যার প্রতিটির ঠিক আগে একটি ব্যঞ্জনবর্ণ (consonant) আছে এবং ঠিক পরে একটি স্বরবর্ণ (vowel) আছে?

Ans
- ✗ A. 7
- ✗ B. 6
- ✓ C. 5
- ✗ D. 4

Q.21 C, D, E, F, G, X এবং Y এর প্রত্যেকে একটি সপ্তাহের পৃথক পৃথক দিনে ইন্টারভিউ দেয়, যা সপ্তাহটির সোমবার থেকে শুরু হয়ে একই সপ্তাহের রবিবার পর্যন্ত চলে। কেবল চারজনের ইন্টারভিউ আছে E এর পরে। কেবল একজনের ইন্টারভিউ আছে F এর পরে। কেবল তিনজন ব্যক্তির ইন্টারভিউ আছে E এবং G এর মাঝে। কেবল একজন ব্যক্তির ইন্টারভিউ আছে Y এবং X এর মাঝে। D এর ইন্টারভিউ আছে Y এর ঠিক আগে। তাহলে C এবং Y এর মাঝে কতজনের ইন্টারভিউ আছে?

Ans
- ✗ A. একজন
- ✗ B. চারজন
- ✗ C. তিনজন
- ✓ D. দুজন

Q.22 জনি এবং বিলির বর্তমান বয়সের সমষ্টি হল 65 বছর। আজ থেকে চার বছর আগে, বিলির বয়স জনির তখনকার বয়সের অর্ধেক ছিল। জনির বর্তমান বয়স (বছরে) কত?

Ans
- ✗ A. 50
- ✓ B. 42
- ✗ C. 41
- ✗ D. 49

Q.23 প্রদত্ত চারটি বিকল্পের মধ্যে তিনটি, ইংরাজি বর্ণানুক্রম ভিত্তিক নির্দিষ্ট পদ্ধতি অনুসারে অনুরূপ এবং এইভাবে একটি দল গঠন করে। কোন বিকল্পটি সেই দলের অন্তর্গত নয়?
[দ্রষ্টব্য: বর্ণ-গুচ্ছে উপস্থিত ব্যঞ্জনবর্ণ (consonant)/ স্বরবর্ণের (vowel) সংখ্যা কিংবা তাদের অবস্থানের উপর ভিত্তি করে ব্যতিক্রমী বিকল্পটিকে নির্ধারণ করা যাবে না।]

Ans
- ✓ A. GIM
- ✗ B. RUX
- ✗ C. ILO
- ✗ D. PSV

blackbook

Q.24 ΔPQR এ, PS হলো ∠P এর সমদ্বিখণ্ডক, যা QR বাহুকে S বিন্দুতে ছেদ করে। যদি PQ = 7.2 cm, QR = 7 cm এবং QS = 3.6 cm হয়, তবে PR এর দৈর্ঘ্য কত?

Ans

✗ A. 5.7 cm

✓ B. 6.8 cm

✗ C. 3.5 cm

✗ D. 4.6 cm

Q.25 প্রদত্ত ক্রমে, প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কী বসবে?
5 18 33 50 69 ?

Ans

✗ A. 92

✓ B. 90

✗ C. 87

✗ D. 85

Q.26 একজন দোকানদার ₹600 প্রতি ডজন দরে 41 ডজন পণ্য ক্রয় করেন। তিনি প্রতিটি পণ্য ₹55 দরে বিক্রি করলে, তার লাভের হার শতকরা কত?

Ans

✗ A. 11%

✗ B. 13%

✗ C. 9%

✓ D. 10%

Q.27 নিচের কোন ক্রমটি জীববৈজ্ঞানিক শ্রেণিবিন্যাসে বৃহত্তম স্তর থেকে ক্ষুদ্রতম বা সুনির্দিষ্টতম স্তরের ক্রমকে সঠিকভাবে নির্দেশ করে?

Ans

✗ A. রাজ্য (Kingdom), পর্ব (Phylum), শ্রেণী (Class), গোত্র (Family), বর্গ (Order), গণ (Genus), প্রজাতি (Species)

✓ B. রাজ্য (Kingdom), পর্ব (Phylum), শ্রেণী (Class), বর্গ (Order), গোত্র (Family), গণ (Genus), প্রজাতি (Species)

✗ C. প্রজাতি (Species), গণ (Genus), গোত্র (Family), বর্গ (Order), শ্রেণী (Class), পর্ব (Phylum), রাজ্য (Kingdom)

✗ D. রাজ্য (Kingdom), শ্রেণী (Class), পর্ব (Phylum), বর্গ (Order), গোত্র (Family), গণ (Genus), প্রজাতি (Species)

Q.28 একটি গাড়ির রেডিয়েটরে 47% অ্যান্টিফ্রিজ দ্রবণ থাকতে হবে। একজন গাড়িচালকের কাছে 28% অ্যান্টিফ্রিজ 15 লিটার দ্রবণ আছে। দ্রবণটিকে 47% অ্যান্টিফ্রিজে পরিণত করতে তাকে কত লিটার 65% অ্যান্টিফ্রিজ তরল যোগ করতে হবে? (2 দশমিক স্থান পর্যন্ত আসন্নমান)

Ans

✓ A. 15.83

✗ B. 20.88

✗ C. 17.21

✗ D. 18.64

Q.29 JUMBLED শব্দটির প্রতিটি বর্ণ ইংরেজি বর্ণমালার ক্রম অনুযায়ী সাজানো হল। এভাবে গঠিত নতুন বর্ণগুচ্ছে বাম দিক থেকে চতুর্থ এবং ডান দিক থেকে তৃতীয় বর্ণের মাঝে ইংরেজি বর্ণমালার কতগুলো বর্ণ রয়েছে?

Ans

✓ A. 1

✗ B. 2

✗ C. 4

✗ D. 0

Q.30 একটি ডিজিটাল পোলিং এজেন্সির প্রতিবেদন অনুযায়ী, একটি পৌরসভা নির্বাচনে প্রার্থী X মোট বৈধ ভোটের 65% পেয়েছেন এবং প্রার্থী Y পেয়েছেন 35% ভোট। যদি মোট বৈধ ভোটের সংখ্যা 13,000 হয়, তবে প্রার্থী X কত ভোটে প্রার্থী Y এর চেয়ে এগিয়ে ছিলেন?

Ans

✗ A. 3500

✓ B. 3900

✗ C. 2600

✗ D. 4200

Q.31 কোনো দোকানদার যদি 20% ছাড় দেওয়ার পর বিক্রয়মূল্য ₹600 থেকে বাড়িয়ে ₹750 করতে চান, তবে মুদ্রিত মূল্য কত শতাংশ বাড়াতে হবে?

Ans
- ✔ A. 25%
- ✘ B. 15%
- ✘ C. 20%
- ✘ D. 12.5%

Q.32 যদি ₹5,000 ব্যাঙ্কে 1 বছরের জন্য 6% চক্রবৃদ্ধি সুদের হারে (অর্ধ-বার্ষিক দেয়) রাখা হয়, তবে বছর শেষে সবৃদ্ধিমূল কত হবে?

Ans
- ✔ A. ₹5,304.50
- ✘ B. ₹5,318.50
- ✘ C. ₹5,360.50
- ✘ D. ₹5,300.50

Q.33 নিচে একটি প্রশ্ন এবং তারপরে (I) এবং (II) সংখ্যাযুক্ত দু'টি বিবৃতি দেওয়া হয়েছে। প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য বিবৃতিতে প্রদত্ত তথ্যসমূহ যথেষ্ট কিনা তা নির্ধারণ করুন। বিবৃতিগুলি অধ্যয়ন করে সবচেয়ে উপযুক্ত উত্তরটি চয়ন করুন।
প্রশ্ন:
F, B, C, Y এবং N এই 5টি ভিন্ন উচ্চতার লাঠির মধ্যে কোনটি সবচেয়ে খাটো?
বিবৃতি:
(I) N লাঠিটি C এর চেয়ে লম্বা।
(II) Y লাঠিটি N এর চেয়ে লম্বা। F লাঠিটি কেবল একটি লাঠির চেয়ে খাটো।

Ans
- ✘ A. বিবৃতি I এ প্রদত্ত তথ্য এককভাবে প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট, কিন্তু বিবৃতি II তে প্রদত্ত তথ্য যথেষ্ট নয়।
- ✘ B. বিবৃতি I এবং বিবৃতি II তে প্রদত্ত তথ্য যৌথভাবে (বিবৃতি I অথবা বিবৃতি II এককভাবে নয়) প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট।
- ✔ C. বিবৃতি I এবং বিবৃতি II তে প্রদত্ত তথ্য যৌথভাবেও প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট নয়।
- ✘ D. বিবৃতি II তে প্রদত্ত তথ্য এককভাবে প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট, কিন্তু বিবৃতি I এ প্রদত্ত তথ্য যথেষ্ট নয়।

Q.34 একটি চোঙাকৃতি স্তম্ভের ব্যাস 84 cm এবং উচ্চতা 25 m হয়। স্তম্ভটির বক্রতল ₹25 প্রতি m^2 হারে রং করার খরচ নির্ণয় করুন।
$\left(\pi = \frac{22}{7}\right)$

Ans
- ✘ A. ₹1,617
- ✘ B. ₹1,618
- ✘ C. ₹1,698
- ✔ D. ₹1,650

Q.35 17 একটি নির্দিষ্ট পদ্ধতিতে 36 এর সঙ্গে সম্পর্কিত। অনুরূপ পদ্ধতি অনুসারে 22 সম্পর্কিত 46 এর সঙ্গে। অনুরূপ পদ্ধতি অনুসরণ করে 25 নিচের কোন বিকল্পটির সঙ্গে সম্পর্কিত?
(দ্রষ্টব্য: সংখ্যাগুলিকে তাদের উপাদান অঙ্কে বিভাজিত না করে অখণ্ড সংখ্যার উপরেই সকল কার্যক্রম সম্পাদন করতে হবে। যেমন 13 এর ক্ষেত্রে, 13 এর উপরেই যাবতীয় কার্যক্রম সম্পাদন করতে হবে। অর্থাৎ, 13 এর সঙ্গেই যোগ/বিয়োগ/গুণ ইত্যাদি করতে হবে কিন্তু 13 কে তার উপাদান অঙ্ক 1 এবং 3 এ বিভাজিত করে তারপর 1 এবং 3 এর উপর কোনোপ্রকার গাণিতিক কার্যক্রম সম্পাদন করা যাবে না।)

Ans
- ✔ A. 52
- ✘ B. 56
- ✘ C. 45
- ✘ D. 48

Q.36 বড়ো হলগুলিতে, শব্দ বারবার দেয়াল থেকে প্রতিফলিত হওয়ার কারণে দীর্ঘক্ষণ ধরে স্থায়ী হয়। শব্দ-শোষক বস্তু ব্যবহার করে শব্দের এই দীর্ঘক্ষণ স্থায়ী হওয়ার প্রভাব হ্রাস করা হয়। এই ঘটনাটিকে কী বলা হয়?

Ans
- ✘ A. অনুনাদ
- ✘ B. প্রতিধ্বনি
- ✘ C. সুরবর্জিত শব্দ
- ✔ D. অনুরণন

black book

Q.37 প্রদত্ত ক্রমের প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কোন বর্ণ-সংখ্যাগুচ্ছটি বসলে ক্রমটি যৌক্তিকভাবে সম্পূর্ণ হবে?
YXA 65 DCF 75 IHK 85 NMP 95 ?

Ans
- ✔ A. SRU 105
- ✘ B. SQT 104
- ✘ C. SST 105
- ✘ D. SUX 104

Q.38 যদি 'A' এর অর্থ '÷' হয়, 'B' এর অর্থ '×' হয়, 'C' এর অর্থ '+' হয়, এবং 'D' এর অর্থ '−' হয়, তাহলে নিচের সমীকরণে প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কী বসবে?

70 C 225 A 5 B 2 D 103 = ?

Ans
- ✘ A. 55
- ✔ B. 57
- ✘ C. 58
- ✘ D. 59

Q.39 একটি নির্দিষ্ট সাংকেতিক ভাষায়, 'wind whistles loud' কে 'hy gb ec' হিসাবে এবং 'dance with wind' কে 'gb ut rn' হিসাবে লেখা হয়। ওই সাংকেতিক ভাষায় 'wind' কে কীভাবে লেখা হয়?

Ans
- ✔ A. gb
- ✘ B. rn
- ✘ C. ut
- ✘ D. hy

Q.40 একটি পরীক্ষা চলাকালীন, একজন পদার্থবিজ্ঞানী লক্ষ্য করলেন যে একটি নির্দিষ্ট বস্তুতে আঘাত করা হলে, তা 18 Hz এ কম্পিত হয়। এই কম্পনটি কোন ধরনের শব্দ উৎপন্ন করে এবং মানুষের কানে তা কীভাবে অনুভূত হবে?

Ans
- ✔ A. শব্দেতর শব্দ; এটি মানুষ শুনতে পাবে না
- ✘ B. শ্রুতিগোচর শব্দ; এটি স্পষ্টভাবে শোনা যাবে
- ✘ C. শ্রুতিগোচর শব্দ; এটি অনুভব করা যাবে কিন্তু শোনা যাবে না
- ✘ D. শব্দোত্তর শব্দ; এটি ক্ষীণভাবে শোনা যাবে

Q.41 READING শব্দটির প্রতিটি বর্ণকে ইংরাজি বর্ণানুক্রম অনুসারে সাজানো হলে, কতগুলি বর্ণের অবস্থান অপরিবর্তিত থাকবে?

Ans
- ✘ A. এক
- ✘ B. শূন্য
- ✘ C. তিন
- ✔ D. দুই

Q.42 প্রদত্ত ক্রমটি দেখুন এবং প্রশ্নটির উত্তর দিন। শুধুমাত্র বামদিক থেকে ডানদিকে গণনা করতে হবে।
(বামদিক) % M % A I $ G % J * O @ V U $ H # % £ © A & (ডানদিক)
উপরের ক্রমে এরকম কতগুলি চিহ্ন আছে, যার প্রত্যেকটির ঠিক আগে একটি বর্ণ এবং ঠিক পরে একটি চিহ্ন আছে?

Ans
- ✔ A. 1
- ✘ B. 3
- ✘ C. 2
- ✘ D. 0

Q.43 A, B, J, U, R, E এবং S প্রত্যেকের একটি সপ্তাহের বিভিন্ন দিনে ছুটি আছে, যা সপ্তাহটির সোমবার থেকে শুরু হয়ে একই সপ্তাহের রবিবার শেষ হয়। কেবল দু'জনের ছুটি আছে J এর আগে। কেবল একজনের ছুটি আছে B এর পরে। কেবল তিনজনের ছুটি আছে J এবং R এর মাঝে। কেবল একজনের ছুটি আছে A এবং E এর মাঝে। U এর ছুটি আছে A এর ঠিক আগের দিন। শুক্রবার কার ছুটি আছে?

Ans
- ✗ A. B
- ✗ B. E
- ✓ C. S
- ✗ D. A

Q.44 25, 40 এবং 60 এর চতুর্থ সমানুপাতিকটি কত?

Ans
- ✗ A. 86
- ✗ B. 98
- ✗ C. 84
- ✓ D. 96

Q.45 একটি পরিমিতভাবে প্রতিবিষম বিভাজনে (moderately skewed distribution), গড়মান ও মধ্যমার অনুপাত 5:4 হয়। সংখ্যাগুরু মান যদি মধ্যমার চেয়ে 8 কম হয়, তবে সংখ্যাগুরু মান কত?

Ans
- ✗ A. 10
- ✗ B. 12
- ✓ C. 8
- ✗ D. 14

Q.46 শৃঙ্খলবিশিষ্ট সমাবয়বতার (chain isomerism) ক্ষেত্রে, সমাবয়বগুলি ____ এর ভিত্তিতে ভিন্ন হয়।

Ans
- ✗ A. কার্যকরী মূলকের প্রকার
- ✓ B. কার্বন স্কেলেটনের বিন্যাস
- ✗ C. কার্বন পরমাণুর সংখ্যা
- ✗ D. কার্যকরী মূলকের অবস্থান

Q.47 $(\sin^4\theta - \cos^4\theta + 1)\sec^2\theta - 2\tan^2\theta$ এর মান কত?

Ans
- ✗ A. 2
- ✓ B. 0
- ✗ C. 3
- ✗ D. 5

Q.48 প্রদত্ত প্রশ্নটি নিচে দেওয়া শব্দগুলির ভিত্তিতে তৈরি।
COG DID LAM JEW
প্রতিটি শব্দের, প্রতিটি স্বরবর্ণকে (vowel) ইংরাজি বর্ণানুক্রম অনুসারে তার পরবর্তী বর্ণে এবং প্রতিটি ব্যঞ্জনবর্ণকে (consonant) ইংরাজি বর্ণানুক্রম অনুসারে তার পূর্ববর্তী বর্ণে পরিবর্তন করা হয়। এইভাবে গঠিত কতগুলি বর্ণগুচ্ছে কোনো স্বরবর্ণ (vowel) থাকবে না?

Ans
- ✗ A. এক
- ✗ B. দুই
- ✗ C. চার
- ✓ D. তিন

Q.49 একজন ব্যক্তি বার্ষিক 10% সরল সুদের হারে 3 বছরের জন্য ₹56,000 মূলধন বিনিয়োগ করলে, 3 বছর পর তিনি কত সবৃদ্ধিমূল (₹ তে) পাবেন তা নির্ণয় করুন।

Ans
- ✓ A. 72,800
- ✗ B. 73,800
- ✗ C. 71,800
- ✗ D. 70,800

blackbook

Q.50 প্রদত্ত ক্রমের প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কী বসবে?
37, 44, 58, 79, 107, ?

Ans
- ✔ A. 142
- ✘ B. 144
- ✘ C. 141
- ✘ D. 143

Q.51 একটি নির্দিষ্ট সাংকেতিক ভাষায়, 'FROM' এর সংকেত '6429' এবং 'FOUR' এর সংকেত '9324' হয়। ওই ভাষায়' U' এর সংকেত কী?

Ans
- ✘ A. 2
- ✘ B. 4
- ✘ C. 6
- ✔ D. 3

Q.52 একটি চোঙের বক্রতলের ক্ষেত্রফল এবং সমগ্রতলের ক্ষেত্রফলের অনুপাত 1 : 2 হয়। যদি লম্ববৃত্তাকার চোঙের সমগ্রতলের ক্ষেত্রফল 616 cm^2 হয়, তবে এর আয়তন কত? (ধরুন $\pi = \frac{22}{7}$)

Ans
- ✘ A. $1190\ cm^3$
- ✘ B. $1120\ cm^3$
- ✔ C. $1078\ cm^3$
- ✘ D. $1088\ cm^3$

Q.53 কোন পরীক্ষাটি সবচেয়ে ভালোভাবে প্রমাণ করবে যে শব্দ তরঙ্গ প্রকৃতিগতভাবে অনুদৈর্ঘ্য?

Ans
- ✘ A. একটি ট্যাঙ্কে জলতরঙ্গ ব্যবহার করে তরঙ্গশীর্ষ (crests) ও তরঙ্গপাদ (troughs) পর্যবেক্ষণ করা।
- ✘ B. বিভিন্ন যন্ত্রের সাহায্যে শব্দের তীক্ষ্ণতা ও প্রাবল্যমাত্রা পরিমাপ করা।
- ✘ C. দর্পণ থেকে আলো প্রতিফলিত করে আপতন কোণ পরিমাপ করা।
- ✔ D. ঘনীভবন ও লঘুভবন সৃষ্টির সময় একটি স্লিঙ্কি (slinky)-এর ভেতরের কণাগুলোর গতি পর্যবেক্ষণ করা।

Q.54 যদি $12\sin y + \cos y = \sqrt{11}\sin y$ হয়, তাহলে tan y এর মান কত?

Ans
- ✔ A. $\frac{-12-\sqrt{11}}{133}$
- ✘ B. $\frac{-12-\sqrt{11}}{138}$
- ✘ C. $\frac{-13-\sqrt{11}}{133}$
- ✘ D. $\frac{-12-\sqrt{11}}{143}$

